



051

ইসলামী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান
(ইনস্টিটিউট অব হাইয়ার ইসলামিক স্টাডিজ)

ভর্তি বিজ্ঞপ্তি

'দারুল এহছাক' ইসলামী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে (ইনস্টিটিউট অব হাইয়ার ইসলামিক স্টাডিজ) ছাত্র ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হইতেছে। মক্কায় অবস্থিত রাবেতা আল আলামী ইসলামীর সহযোগিতায় উক্ত প্রতিষ্ঠান এই বৎসর খোলা হইবে।

ভর্তির শর্তাবলী

(১) আবেদনকারী কমপক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে কামেল পাস অথবা সমমানের পরীক্ষা পাস অথবা যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীন ডিগ্রী পাস হইতে হইবে।

(২) আবেদনকারীকে অবশ্য লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষায় পাস করিলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

(৩) লিখিত পরীক্ষায় নিম্নলিখিত বিষয়সমূহ হইতে প্রশ্ন করা হইবে:

(ক) তাফসির, (খ) হাদিস, (গ) আকিদাহ, (ঘ) আল আহকাম বা ফিকাহ, (ঙ) সাধারণ জ্ঞান।

উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষাও উপরোক্ত বিষয়সমূহের উপর হইবে এবং সেই সাথে কোরআন শরীফ থেকে মুখস্থ ও তাজবিদের উপর প্রশ্ন করা হইবে।

(৪) আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটসহ মাদ্রাসা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে চরিত্রগত সার্টিফিকেট ও মার্কসিট এবং দুইজন বিশিষ্ট আলেমের নিকট হইতে প্রশংসাপত্র ২২শে জুলাই ১৯৮৯-এর পূর্বে ইসলামিক একাডেমী অফিসে আবেদনপত্র জমা দিতে হইবে।

পরীক্ষার তারিখ ও সময়সূচী

লিখিত পরীক্ষা ২২শে জুলাই শনিবার সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত হইবে।

মৌখিক পরীক্ষা ২৪শে জুলাই সকাল ১০টা হইতে আরম্ভ হইবে।

বিঃদ্রঃ পরীক্ষা ১০০ নম্বরের হইবে। প্রশ্নাবলী আরবীতে হইবে এবং উত্তর আরবীতে দিতে হইবে। পরীক্ষকদের মধ্যে মক্কাত্তিক রাবেতা আল আলামী ইসলামীর ইসলামী উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক উপস্থিত থাকিবেন। পরিচালক, ইসলামিক একাডেমীর বরাবরে দরখাস্ত দিতে হইবে। প্রত্যেক নির্বাচিত ছাত্রকে মাসিক ভাতা দেওয়া হইবে।

পরিচালক,

ইসলামিক একাডেমী,

বাড়ী নং ২১ (নতুন),

রোড নং ৯/এ (নতুন),

ধানমণ্ডি আবাসিক এলাকা,

ঢাকা, বাংলাদেশ।

ফোনঃ ৩২৯৭৩১

সি-২৭২০/৮৯